

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২২৭

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কাতার সোজা করা।

### باب مَا جَاءَ فِي إِقَامَةِ الصُّفُوفِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ، عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسَوِّي صُفُوفَنَا فَخَرَجَ يَوْمًا فَرَأَى رَجُلًا خَارِجًا صَدْرُهُ عَنِ الْقَوْمِ فَقَالَ " لَتُسُونَنَّ صُفُوفَكُمْ أَوْ لِيُخَالِفَنَّ اللَّهُ بَيْنَ وُجُوهِكُمْ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ وَالْبِرَاءِ وَجَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ وَأَنْسٍ وَأَبِي هُرَيْرَةَ وَعَائِشَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُوِيَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ " مِنْ تَمَامِ الصَّلَاةِ إِقَامَةُ الصَّفِّ " . وَرُوِيَ عَنْ عُمَرَ أَنَّهُ كَانَ يُوَكِّلُ رَجُلًا بِإِقَامَةِ الصُّفُوفِ فَلَا يُكَبِّرُ حَتَّى يُخْبَرَ أَنَّ الصُّفُوفَ قَدِ اسْتَوَتْ . وَرُوِيَ عَنِ عَلِيٍّ وَعُثْمَانَ أَنَّهُمَا كَانَا يَتَعَاهَدَانِ ذَلِكَ وَيَقُولَانِ اسْتَوْوا . وَكَانَ عَلِيٌّ يَقُولُ تَقَدَّمْ يَا فَلَانُ تَأَخَّرْ يَا فَلَانُ .

বাংলা

২২৭. কুতায়বা (রহঃ) .... নুমান ইবনু বাশীর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাতার সোজা করে নিতেন। একদিন তিনি বেরিয়ে দেখলেন জনৈক ব্যক্তি জামাআতের কাতার থেকে বুক বের করে দাড়িয়ে আছে। তখন বললেন তোমরা অবশ্যই তোমাদের কাতার সোজা রাখবে নইলে আল্লাহ তোমাদের চেহারা পাণ্টে দিবেন। - ইবনু মাজাহ ৯৯৪, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২২৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাবির ইবনু সামুরা, বারা, জাবির ইনব আবদিল্লাহ, আনাস, আবু হুরায়রা এবং আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবু ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ নুমান ইবনু বাশীর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আরও বর্ণিত আছে যে, তিনি ইরশাদ করেন কাতার সোজা করা সালাতের পূর্ণতার শামিল। উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে

যে, তিনি কাতার সোজা করার জন্য লোক নিযুক্ত করেছিল। কাতার সোজা হওয়ার বিষয়ে তাঁকে অবহিত না করা পর্যন্ত তিনি সালাতের তাকবীর বলতেন না। বর্ণিত আছে যে, উছমান ও আলী রাদিয়াল্লাহু আনহুম বিষয়টির প্রতি খুবই লক্ষ্য রাখতেন। তাঁরা সকলেই কাতার সোজা করতে নির্দেশ দিতেন। আলী রাদিয়াল্লাহু আনহু কাতার সোজা করতে গিয়ে বলতেন, হে অমুক সামনে এগিয়ে আস; হে অমুক একটু পিছনে সরে যাও।

## English

An-Nu'man bin Bashir said:

"Allah's Messenger would straighten our lines. One day he came out and saw a man whose chest was protruding from the people, so he said: 'You must straighten your lines, or Allah will cause disagreement to occur among your faces.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17416>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন